উত্তেজনাপূর্ণ ম্যাচে কুমিল্লাকে হারালো রংপুর

বাংলাদেশ প্রিমিয়ার লিগে (বিপিএল) বর্তমান চ্যাম্পিয়ন কুমিল্লা ভিক্টোরিয়ান্সকে হারিয়েছে রংপুর রাইডার্স। কুমিল্লাকে ৮ রানে হারিয়ে টুর্নামেন্টে তৃতীয় জয় তুলে নিয়েছে রংপুর।

মঙ্গলবার (৩০ জানুয়ারি) সিলেট আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়ামে টস জিতে ব্যাট করার সিদ্ধান্ত নেন রংপুরের অধিনায়ক নুরুল হাসান সোহান। প্রথমে ব্যাট করে নির্ধারিত ২০ ওভারে ৫ উইকেট হারিয়ে ১৬৫ রান সংগ্রহ করেছে রংপুর রাইডার্স। দলের পক্ষে বাবর আজম ৩৬ বলে ৩৭ ও আজমতুল্লাহ ওমরজাই ২০ বলে করেন ৩৬ রান।

১৬৬ রানের টার্গেটে ব্যাট করতে নেমে শুরতেই উইকেট হারায় কুমিল্লা। রানের খাতা খোলার আগেই সাজঘরে ফিরে যান ওপেনার লিটন দাস। এরপর ক্রিজে আসা মাইদুল অঙ্কনকে সঙ্গে নিয়ে শুরুর ধাক্কা সামাল দেন মোহাম্মদ রিজওয়ান।

৫৯ রানের জুটি গড়েন এই দুই ব্যাটার। দলীয় ৬০ রানে ২১ বলে ১৭ রান করে আউট হন রিজওয়ান। এরপর ক্রিজে আসা তাওহিদ হৃদয়কে সঙ্গে নিয়ে ব্যাট করতে থাকেন অঙ্কন।

সাবলীল ব্যাটিংয়ে ফিফটি তুলে নেন অঙ্কন। তবে দলীয় ১১৩ রানে ৫৫ বলে ৬৩ রান করে আউট হন কুমিল্লার এই ব্যাটার।

শেষ দিকে রংপুরের বোলারদের নিয়ন্ত্রিত বোলিংয়ে ২০ ওভারে ৬ উইকেট হারিয়ে ১৫৭ রান সংগ্রহ করতে সক্ষম হয় কুমিল্লা। ৮ রানের জয় নিয়ে মাঠ ছাড়ে রংপুর রাইডার্স।

সূত্র: ইত্তেফাক

প্রথম জয়ের খোঁজে ব্যাটিংয়ে সিলেট

বাংলাদেশ প্রিমিয়ার লিগে (বিপিএল) চট্টগ্রাম চ্যালেঞ্জার্সের বিপক্ষে মাঠে নামছে সিলেট স্ট্রাইকার্স। সোমবার (২৯ জানুয়ারি) সিলেট আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়ামে টস জিতে ব্যাট করার সিদ্ধান্ত নিয়েছে সিলেট।

টুর্নামেন্টে এখনো জয়ের দেখা পায়নি সিলেট স্ট্রাইকার্স। তিন ম্যাচ খেলে সবগুলোতেই হারের মুখ দেখেছে মাশরাফি বিন মর্তুজার নেতৃত্বাধীন সিলেট। ঘরের মাঠে প্রথম জয়ের লক্ষ্যে মাঠে নামছে দলটি।

অন্যদিকে বিপিএলের এবারের আসরে ছন্দে রয়েছে চট্টগ্রাম চ্যালেঞ্জার্স। ৪ ম্যাচ খেলে ৩টিতে জয় পেয়েছে বন্দর নগরীর দলটি। ৬ পয়েন্ট নিয়ে পয়েন্ট টেবিলের দুই নম্বরে আছে দলটি।

সিলেট স্ট্রাইকার্স একাদশ: নাজমুল হোসেন শান্ত, মোহাম্মদ মিঠুন (উইকেটরক্ষক), রায়ান বার্ল, আরিফুল হক, জাকির হাসান, সামিত প্যাটেল, হ্যারি ট্যাক্টর, মাশরাফি মুর্তজা (অধিনায়ক),দুশান হেমন্ত, তানজিম হাসান সাকিব, রেজাউর রহমান রাজা।

চট্টগ্রাম চ্যালেঞ্জার্স একাদশ: আভিস্কা ফার্নান্দো, তানজিদ হাসান তামিম, শাহাদাত হোসেন দিপু, নাজিবউল্লাহ জাদরান, শুভাগত হোম (অধিনায়ক), টম ব্রুস (উইকেটরক্ষক), সৈকত আলী, নিহাদুজ্জামান, শহীদুল ইসলাম, আল-আমিন হোসেন ও বিলাল খান।

সূত্র: ইত্তেফাক

ডাবলসে শিরোপা জিতল ভারতীয়

তারকা

অস্ট্রেলিয়ান ওপেনের পুরুষ ডাবলসে ইতালির টেনিস তারকা সাইমন বোলেনি এবং আন্দ্রিয়া বাবসোরিরকে ৭-৬ এবং ৭-৫ ব্যবধানে হারিয়েছে ভারতের টেনিস তারকা রোহান বোপান্না এবং অস্ট্রেলিয়ার ম্যাথু এবডেন। প্রথমবারের মতো এই ভারতীয় তারকা ৪৩ বছর বয়সে এসে ডাবলসে গ্র্যান্ড স্ল্যাম জিতেছেন।

সেই সাথে চলতি আসরে সবচেয়ে বেশী বছর বয়সী খেলোয়াড় ছিলেন ভারতের রোহন বোপান্না। সেই সঙ্গে তিনি ১৯৬৮ সালে পর অস্ট্রেলিয়ান ওপেনে একমাত্র খেলোয়াড় যিনি কিনা ৪৩ বছর বয়য়ে এই গ্র্যান্ড স্ল্যাম চ্যাম্পিয়ন হলেন। ১ ঘন্টা ৩৯ মিনিট ধরে চলে এই ম্যাচ।

এরআগে বোপান্না ২০১০ এবং ২০২৩ সালে পুরুষদের ডাবলসে সেরা পারফরম্যান্স করেছিলেন। সেবার তিনি ইউএস ওপেনে ফাইনালে উঠেন। যদিও দেখা পাননি শিরোপার। এছাড়াও ২০২২ সালে ফরাসি ওপেন এবং ২০১৩, ২০15 এবং ২০২৩ সালে উইম্বলডনের সেমিফাইনাল পর্যন্ত খেলেছিলেন তিনি।

টস জিতে ফিল্ডিংয়ে তামিমের বরিশাল

বাংলাদেশ প্রিমিয়ার লিগে (বিপিএল) ফরচুন বরিশালে বিপক্ষে মাঠে নামছে চট্টগ্রাম চ্যালেঞ্জার্স। শনিবার (২৭ জানুয়ারি) সিলেটে টস জিতে চট্টগ্রামকে ব্যাট করতে পাঠিয়েছেন বরিশালের অধিনায়ক তামিম ইকবাল।

ফরচুন বরিশাল একাদশ : তামিম ইকবাল (অধিনায়ক), আহমেদ শেহজাদ, সৌম্য সরকার, মুশফিকুর রহিম (উইকেটরক্ষক), মাহমুদউল্লাহ, মেহেদি হাসান মিরাজ, দুনিথ ওয়েল্লেগে, আব্বাস আফ্রিদি, কামরুল ইসলাম, তাইজুল ইসলাম, ইয়ানিক ক্যারিয়া।

চট্টগ্রাম চ্যালেঞ্জার্স একাদশ : আভিষ্কা ফার্নান্দো, তানজিদ হাসান তামিম, ইমরান উজ্জামান, শাহাদাত হোসেন, নাজিবুল্লাহ জাদরান, শুভাগত হোম (অধিনায়ক), কার্টিস ক্যাম্পার, শহিদুল ইসলাম, নিহাদুজ্জামান, বিলাল খান ও আল-আমিন হোসেন।

আরিফুলের সেঞ্চুরিতে যুক্তরাষ্ট্রকে ২৯২ রানের টার্গেট

আশিকুর রহমান শিবলি, আদিল সিদ্দিরা ভালো শুরু এনে দিতে না পারলেও মাঝের সময়টায় দাপট দেখিয়েছে বাংলাদেশ অনূর্ধ্ব-১৯ দল। সুপার সিক্সে যাওয়ার লড়াইয়ে সেঞ্চুরি তুলে নিয়েছেন আরিফুল ইসলাম। তাকে যোগ্য সঙ্গ দিয়েছেন চৌধুরি মোহাম্মদ রিজওয়ান এবং আহরার আমিন। শেষ পর্যন্ত যুক্তরাষ্ট্রের বিপক্ষে ২৯১ রানের পুঁজি পেয়েছে বাংলাদেশ।

আইসিসি অনূর্ধ্ব-১৯ বিশ্বকাপে গ্রুপ পর্বে নিজেদের তৃতীয় ও শেষ ম্যাচে বাংলাদেশ মুখোমুখি হয়েছে যুক্তরাষ্ট্রের। ব্লুমফন্টেইনে আগে ব্যাট করতে নেমে ২৯১ রানের পাহাড়সম পুঁজি জড়ো করেছে মাহফুজুর রহমান রাব্বির নেতৃত্বাধীন বাংলাদেশ অনূর্ধ্ব-১৯ দল। গত বিশ্বকাপে জোড়া সেঞ্চুরি হাঁকানো আরিফুল পেলেন এবারের আসরে প্রথম সেঞ্চুরির দেখা।

টস হেরে ব্যাট করতে নেমে বাংলাদেশের শুরুটা তেমন ভালো ছিল না। ধীর গতির রান আর আদিল বিন সিদ্দিকের বিদায়ে পাওয়ারপ্লে পার করে টাইগাররা। আশিকুর রহমান শিবলি ২৭ ও চৌধুরী মোহাম্মদ রিজওয়ান ৩৫ রান করে বিদায় নিলে শঙ্কার মেঘ আরও ঘনীভূত হয়।

৪ নম্বরে নামা আরিফুল ইসলাম অবশ্য দলকে পথ হারাতে দেননি। দৃঢ় মানসিকতা দেখিয়ে পূর্ণ করেন সেঞ্চুরি। বিদায় নেওয়ার আগে ১০৩ বলে করেন ১০৩ রান, হাঁকান ৯টি চার। চতুর্থ উইকেটে আহরার আমিনকে নিয়ে গড়া তার ১২২ রানের জুটিতে শক্ত অবস্থানে পৌঁছে বাংলাদেশ।

আহরার ৪৯ বলে ৪৪ রান করে ফেরেন সাজঘরে। ফর্মের তুঙ্গে থাকা শিহাব জেমস ১৭ বলে ৩১ রানের ক্যামিও খেলে দলকে নিয়ে যান বড় সংগ্রহের দিকে। শেষদিকে সেখ পারভেজ জীবন ৭ বলে ১৩ রান করে অপরাজিত থাকেন। শেষপর্যন্ত নির্ধারিত ৫০ ওভারে ৭ উইকেট হারিয়ে ২৯১ রান দাঁড়ায় বাংলাদেশের সংগ্রহ। যুক্তরাষ্ট্রের পক্ষে আরিয়া গার্গ তিনটি ও আরিন নাদকার্নি দুটি উইকেট শিকার করেন।

সূত্র : ইত্তেফাক

পারিবারিক ইস্যুতে বিপিএল ছাড়লেন শোয়েব মালিক

চলতি বিপিএলে ফরচুন বরিশালের হয়ে খেলছেন পাকিস্তানের অলরাউন্ডার শোয়েব মালিক। ঢাকা পর্ব শেষে দল সিলেটে গেলেও সেখানে যাননি তিনি। হঠাৎ করেই দুবাইয়ের উদ্দেশে ঢাকা ত্যাগ করেছেন এ ক্রিকেটার। এবার জানা গেছে, ঘরোয়া এই টুর্নামেন্টের দশম আসরে আর খেলবেন না শোয়েব মালিক।

মূলত, পারিবারিক কারণেই সেখানে গেছেন তিনি। জানা গেছে, গত মঙ্গলবারই (২৩ জানুয়ারি) দুবাইয়ের উদ্দেশে ঢাকা ছেড়েছিলেন তিনি। সেখানে গিয়েই পারিবারিক ঝামেলার কথা বরিশাল কর্তৃপক্ষকে অবহিত করেছেন তিনি।

আজ বৃহস্পতিবার (২৫ জানুয়ারি) গণমাধ্যমে বিষয়টি নিশ্চিত করেছেন দলটির মালিক মিজানুর রহমান।

এদিকে শোয়েবের জায়গায় নতুন করে শুক্রবার দলটিতে যোগ দিচ্ছেন আরেক পাকিস্তানি ক্রিকেটার আহমেদ শেহজাদ। এ ছাড়া ক্যারিবিয়ান কাইল মায়ার্সও দ্রুতই দলের সঙ্গে যোগ দেবেন।

সানিয়া মির্জার সঙ্গে বিচ্ছেদ ও তৃতীয় বিয়ে ইস্যুতে বেশ কয়েক দিন ধরেই আলোচনায় শোয়েব মালিক। বিপিএলে নিজেদের প্রথম ম্যাচের ঠিক আগমুহূর্তে তৃতীয় বিয়ের খবর জানিয়েছিলেন তিনি। নানান আলোচনা-

সমালোচনার মাঝে মাঠে নেমে রানখরায় ভুগেছেন তিনি।

ফরচুন বরিশালের হয়ে তিন ম্যাচে সব মিলিয়ে মোটের ওপর ২৯ রান পেয়েছেন মালিক। প্রথম ম্যাচে ১৭ রানের পর পরের দুই ম্যাচে তার ব্যাট থেকে এসেছে ৫ ও ৭ রান। এ ছাড়া বল ঘুরিয়ে তিন ম্যাচে তার শিকার এক উইকেট।

ঝিনাইদহে অনূর্ধ্ব ১৫ ফুটবলার বাছাই ও মাসব্যাপী প্রশিক্ষণের উদ্বোধন

ঝিনাইদহে ক্রীড়া পরিদপ্তরের বার্ষিক ক্রীড়া কর্মসূচি ২০২৩ -২৪ এর আওতায় ডেভলপমেন্ট কাপ ফুটবল বালক (অনূধর্ব -১৫) বাছাই ও মাসব্যাপী প্রশিক্ষণের উদ্বোধন করা হয়েছে।

গতকাল মঙ্গলবার বিকালে জেলা ক্রীড়া অফিসের আয়োজনে ঝিনাইদহ বীরশ্রেষ্ঠ হামিদুর রহমান স্টেডিয়ামে এ প্রশিক্ষণের উদ্বোধন করেন অতিরিক্ত জেলা প্রশাসক রথীন্দ্রনাথ রায়।

সেসময় উপস্থিত ছিলেন সদর উপজেলা নির্বাহী অফিসার রাজিয়া আক্তার চৌধুরী , সদর উপজেলার চেয়ারম্যান (ভারঃ) রাশিদুর রহমান রাসেল , জেলা ক্রীড়া অফিসার মিজানুর রহমান, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক গোলক মজুমদার প্রমূখ।

সিরিয়ার কাছে হেরে এশিয়ান কাপ

থেকে ভারতের বিদায়

কাতারে অনুষ্ঠানরত এএফসি এশিয়ান কাপ ফুটবলে উপমহাদেশের একমাত্র দল ছিল ভারত। টুর্নামেন্ট থেকে সেই ভারত কাল বিদায় নিয়েছে। সিরিয়ার বিপক্ষে ১-০ গোলে হেরে ভারতের বিদায় নিশ্চিত হয়ে গেল। এই ম্যাচে মাঠে নামার আগে ভারতের অধিনায়ক সুনীল ছেত্রী বলেছিলেন-ফিফার র্যাংকিংয়ে ১১ ধাপ ওপরে থাকা সিরিয়ার বিপক্ষে ১২০ ভাগ শক্তি দিয়ে লড়াই করবেন। লড়াইটা ঠিকই করেছিলেন সুনীলরা। ৭৫ মিনিট পর্যন্ত সিরিয়াকে ঠেকিয়ে রাখে ভারত। ৭৬ মিনিটে ভারত গোল হজম করে। একমাত্র গোলটি করেন সিরিয়ার ওমর। আর তাতেই ভারতের স্বপ্ন ভেঙে যায়।

২০২২ বিশ্বকাপ আয়োজকের দেশ কাতার থেকে পাট চুকিয়ে ঘরে ফেরার পথে ভারত। অস্ট্রেলিয়া এবং উজবেকিস্তানের পর সিরিয়ার কাছে পরাস্ত ভারত গ্রুপ পর্বে টানা তিন ম্যাচ হারল। এশিয়ান কাপের শেষ ষোলোয় উঠে গেল সিরিয়া। সাত বছর পর এই টুর্নামেন্টের কোনো ম্যাচ জিতল সিরিয়া। ভারত এবং সিরিয়া, এই দুই দলই একটিও ম্যাচ না জিতে গতকাল কাতারের আল বায়াত স্টেডিয়ামে লড়াইয়ে নেমেছিল।

শুরু থেকেই সুনীলদের চাপে ফেলেন সিরিয়ার আক্রমণভাগ। মুহুর্মুহু আক্রমণে দিশেহারা হয়ে যায় ভারতীয় ডিফেন্স। গোলরক্ষক গ্রুরপ্রীত সিং সান্ধুর কারণে কয়েক বার নিশ্চিত গোলের হাত থেকে বেঁচে যায় ভারত। হাজার আক্রমণ করেও গোলমুখ খুলতে পারেনি সিরিয়া। তবে দ্বিতীয়ার্ধে চাপ আরও বাড়িয়ে গোল পায়। ম্যাচে নামার আগেই সুনীল স্বীকার করেছিলেন, গোল করতে না পারাটা তাদের দলের কাছে বড় সমস্যা।

সূত্র: ইত্তেফাক

মেহেরপুরের ৫২-তম শীতকালীন

ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন

মেহেরপুরে ৫২-তম শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতা ২০২৪ এর জেলা পর্যায়ের খেলার উদ্বোধন করা হয়েছে। আজ মঙ্গলবার (২৩ জানুয়ারি) সকালে জেলা স্টেডিয়াম মাঠে এ খেলার উদ্বোধন অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

মেহেরপুর সদর, মুজিবনগর ও গাংনী উপজেলায় যারা বিভিন্ন ইভেন্টে চ্যাম্পিয়ন হয় তারা জ্লো পর্যোয়ে খেলার যোগ্যতা অর্জন করে। জেলার মাধ্যমিক বিদ্যালয়, মাদ্রাসা ও কারিগরি প্রতিষ্ঠান অংশগ্রহণ করে।

জেলা প্রশাসক শামীম হাসান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে খেলার উদ্বোধন ঘোষনা করেন।

জেলা শিক্ষা অফিসার আব্বাসউদ্দিনের সভাপতিত্বে ও প্রধান শিক্ষক শ্বাশদ নিপুনের সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক শামীম হাসান।

এছাড়াও বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) লিউজা উল জান্নাহ, অতিরিক্ত পুলিশ সুপার কামরুল হাসান খান, নজরুল শিক্ষা মন্জিলের প্রধান শিক্ষক সানজিদা খাতুন।

অনুষ্ঠানে জেলা শিক্ষা অফিস, উপজেলা শিক্ষা অফিসের কর্মকর্তা ও বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয়, মাদ্রাসা ও কারিগরি প্রতিষ্ঠানের প্রধান শিক্ষকসহ শিক্ষক ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। আগামীকাল জেলা পর্যায়ের ফাইনাল খেলার মাধ্যমে খেলার সমাপনী অনুষ্ঠিত হবে ।

এবার হারের মুখ দেখলো মেসি-সুয়ারেজের মায়ামি

প্রাক-মৌসুম দ্বিতীয় প্রস্তুতি ম্যাচে হারের মুখ দেখেছে ইন্টার মায়ামি। প্রথম প্রস্তুতি ম্যাচ ড্র করলেও এবার হেরেই গেলো লুইস সুয়ারেজ ও লিওনেল মেসির দল। এফসি ডালাসের কাছে ১-০ গোলে হেরেছে মায়ামি।

মঙ্গলবার (২৩ জানুয়ারি) বাংলাদেশ সময় সকালে কটন বউল স্টেডিয়ামে মাঠে নামে এফসি ডালাস ও ইন্টার মায়ামি। ম্যাচ শুরুর তিন মিনিটের মধ্যেই গোল খেয়ে বসে মায়ামি। মেক্সিকান বংশোদ্ভূত আমেরিকার পাউল অ্যারিওলার পাস থেকে গোল করে ডালাসকে লিড এনে দেন জেসুস ফেরেইরা।

এরপর গোল শোধে মরিয়া হয়ে খেলতে থাকে মায়ামি। পজিশনে অনেক এগিয়েও থাকে তারা। তবে বল জালে জড়াতে ব্যর্থ হয় মেসি-সুয়ারেজরা। এক গোলে পিছিয়ে থাকে বিরতিতে যায় মায়ামি।

বিরতি থেকে ফিরে গোল শোধে মরিয়া হয়ে খেলতে থাকে মায়ামি। তবে শত চেষ্টা করেও গোল পেতে ব্যর্থ হয় তারা। শেষ পর্যন্ত ১-০ গোলের হার নিয়ে মাঠ ছাড়তে হয় মেসি-সুয়ারেজদের।

সূত্র: ইত্তেফাক